

# ভারতের কৃষি জলবায়ু অঞ্চল

## Agro-Climatic Regions of India

সুবিশাল ভারতবর্ষে অঞ্চল নির্ধারণে প্রাকৃতিক ও অর্থনৈতিক ভিত্তি গ্রহণ করা হয়। এক্ষেত্রে অর্থনৈতিক প্রয়োজন্যের মধ্যে কৃষি সবচেয়ে গুরুত্বপূর্ণ। যা প্রাকৃতিক উপাদান জলবায়ুর সঙ্গে বিশেষভাবে সম্পর্কিত। কোন অঞ্চলের কৃষির উন্নতিতে জলবায়ুর ভূমিকাকে লক্ষ্য রেখে ভূগোলবিদগণ কৃষি জলবায়ু আঞ্চলিকরণের প্রচেষ্টা গ্রহণ করেছেন।

### ভারতের কৃষি জলবায়ু অঞ্চলসমূহ :

সি. ডব্লিউ. থর্নথোয়েট (C.W. Thornthwaite, 1956) এবং এইচ.এল. পিনম্যান (H.L. Penman, 1962) মৃত্তিকা জলের প্রবেশ এবং ভৌমজল প্রবেশের উপর ভিত্তি করে ভারতের কৃষি-জলবায়ু অঞ্চল নির্ধারণ করেন। ভারতের প্রাথমিক আঞ্চলিকরণে ভূ-প্রকৃতির উপর ভিত্তি করে পাঁচটি বৃহৎ প্রাকৃতিক অঞ্চলে ভাগ করা হয়। সেগুলি হল—

(i) হিমালয় এবং তদসংলগ্ন পাহাড়, (ii) ইন্দো-গঙ্গা-ব্রহ্মপুত্র সংগঠিত সমভূমি, (iii) উপদ্বীপীয় মালভূমি ও পাহাড় এবং সংলগ্ন উপকূলবর্তী সমভূমি, (iv) পশ্চিম উপকূলীয় সমভূমি, (v) পূর্ব উপকূলীয় সমভূমি।

আবার মৃত্তিকার বৈশিষ্ট্য, জলবায়ু, বৃষ্টিপাত এবং জলের প্রাপ্যতা এই সকল মুখ্য উপাদান গুলির উপর ভিত্তি করে ভারতের কৃষি-জলবায়ু অঞ্চলকে 15টি প্রধান ভাগে ভাগ করা যায়। এই 15টি ভাগের মধ্যে 2টি হিমালয় অঞ্চলে, 6টি উত্তরে সমভূমি অঞ্চল, 4টি উপদ্বীপীয় মালভূমি এবং পাহাড় অঞ্চলে, দুটি উপকূলীয় সমভূমি অঞ্চলে এবং 1টি ব-দ্বীপীয় অঞ্চল।

নিচে ভারতের 15টি কৃষি-জলবায়ু অঞ্চলের বিবরণ তালিকাকারে দেওয়া হল:—

অঞ্চলের নাম	রাজ্যের অন্তর্ভুক্তি	উপ অঞ্চলের সংখ্যা	জেলার সংখ্যা	আয়তন (লক্ষ হেক্টর)	বৃষ্টিপাত (মি.মি.)	উৎপাদিত শস্যসমূহ
1. পশ্চিম হিমালয়	জম্মু, কাশ্মীর, হিমাচল প্রদেশ,	3	35	333	165 থেকে 2000	গম, ভুট্টা, ধান, আলু।
2. পূর্ব হিমালয়	আসাম, অরুণাচল প্রদেশ, ত্রিপুরা, নাগাল্যান্ড, মনিপুর, মিজোরাম, সিকিম, মেঘালয়, পশ্চিমবঙ্গ।	9	56	277	1840 থেকে 3528	ধান, ভুট্টা, পাট, সরিষা।
3. নিম্ন-গঙ্গা সমভূমি	পশ্চিমবঙ্গ	4	13	70	1302 থেকে 1607	ধান, পাট, জোয়ার, সরিষা।

অঞ্চলের নাম	রাজ্যের অভিজ্ঞতা	উপ অঞ্চলের সংখ্যা	জেলার সংখ্যা	আয়তন (লক্ষ হেক্টর)	বৃষ্টিপাত (মি.মি.)	উৎপাদিত শস্যসমূহ
4. মধ্য-গঙ্গা সমভূমি	উত্তরপ্রদেশ বিহার	6	36	154	1211 থেকে 1470	ধান, গম, ভুট্টা
5. উচ্চ-গঙ্গা সমভূমি	উত্তরপ্রদেশ	3	32	143	721 থেকে 979	ধান, গম, ভুট্টা আঁখ।
6. ট্রান্স-গঙ্গা সমভূমি	পাঞ্জাব, হরিয়ানা, রাজস্থান, দিল্লী	3	28	121	360 থেকে 890	ধান, গম. ভুট্টা, আঁখ।
7. পূর্বের মালভূমি ও পার্বত্য অঞ্চল	ওড়িশা, মধ্যপ্রদেশ পশ্চিমবঙ্গ, মহারাষ্ট্র	5	36	402	1271 থেকে 1470	ধান, গম, ভুট্টা, আঁখ।
8. কেন্দ্রীয় মালভূমি ও পার্বত্য অঞ্চল	মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশ, রাজস্থান।	9	46	372	602 থেকে 1570	জোয়ার, বাজরা, আঁখ তুলা, গম।
9. পশ্চিমের মালভূমি ও পার্বত্য অঞ্চল	মহারাষ্ট্র, মধ্য প্রদেশ ও রাজস্থান	4	34	309	602 থেকে 1040	জোয়ার, বাজরা, আম, তুলা, গম
10. দক্ষিণের মালভূমি ও পার্বত্য অঞ্চল	কর্ণাটক, অন্ধ্র প্রদেশ, তামিলনাড়ু	6	38	416	677 থেকে 1001	জোয়ার, ধান, ছোলা, সর্ষে।
11. পূর্ব উপকূলীয় সমভূমি এবং পার্বত্য অঞ্চল	উড়িষ্যা, অন্ধ্রপ্রদেশ তামিলনাড়ু, পন্ডিচেরী	5	23	173	1287 থেকে 2226	ধান, গম, ভুট্টা, রাগি, তামাক
12. পশ্চিম উপ- কূলীয় সমভূমি ও পার্বত্য অঞ্চল	মহারাষ্ট্র, কেরালা তামিলনাড়ু, পন্ডিচেরী	5	27	117	2226 থেকে 3640	ধান, তুলা, বাজরা, গম, আম।



অঞ্চলের নাম	রাজ্যের অন্তর্ভুক্তি	উপ অঞ্চলের সংখ্যা	জেলার সংখ্যা	আয়তন (লক্ষ হেক্টর)	বৃষ্টিপাত (মি.মি.)	উৎপাদিত শস্যসমূহ
13. গুজরাটের সমভূমি ও পর্বত অঞ্চল	গুজরাট	7	22	197	340 থেকে 1793	ধান, গম, তুলা বাজরা চীনাবাদাম।
14. পশ্চিমের শূন্য সমভূমি	রাজস্থান	—	9	176	395 এর কম	বাজরা, ছোলা, গম, রাগি,
15. ব-দ্বীপ অঞ্চল	আন্দামান নিকোবর এবং লাক্ষাদ্বীপ	2	3	8	1500 থেকে 3080	নারকেল

